আলমডাঙ্গা পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের মাদকবিরোধী বিশেষ অভিযানে বিভিন্ন মামলা ও গ্রেফতারি পরোয়ানাভুক্ত মোট ৮ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

শুক্রবার তাদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, গত ১৯ মে রাত ৯টার দিকে পরিচালিত বিশেষ অভিযানে মাদক মামলার আসামি আলমডাঙ্গার বকশিপুর গ্রামের মনির হোসেনের ছেলে বিপ্লব হোসেন, জামজামি উত্তরপাড়ার মতিয়ার রহমানের ছেলে রাজিব হোসেন এবং নাগদাহ বাজারপাড়ার সাইফুল ইসলামের ছেলে রনি আহম্মেদকে গ্রেফতার করা হয়।

এছাড়া এফআইআরভুক্ত মামলার আসামি কেশবপুর গ্রামের রহিম বক্সের ছেলে মুনা কামার ও গ্রেফতারি পরোয়ানাভুক্ত আসামি ডম্বলপুর গ্রামের সবুজ আলির মেয়ে ও তারিক আলির স্ত্রী রেশমা খাতুন, নতিডাঙ্গা গ্রামের মৃত শের আলির ছেলে রেজাউল হক, একই গ্রামের আসাদুল হকের স্ত্রী মুসলিমা খাতুন এবং যাদবপুর গ্রামের আশাদুল ইসলামের ছেলে ফারদিন হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরায়েল জানান, গ্রেফতারকৃত আসামিদের আদালতে সোপর্দ করা হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।